প্রথম আলো

তারিখ 10 JUN 2017
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা খাতের বাজেট স্বতন্ত্রভাবে ঘোষণার দাবি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

জাতীয় বাজেটে শিক্ষা খাতের বরাদ্দ স্বতন্ত্রভাবে (অন্য খাতগুলো থেকে আলাদা করে) ঘোষণা করার আহ্বান জানিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর বাজেট অ্যান্ড পলিসি।

গতকাল শুক্রবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়সংলগ্ন মিলনায়তনে বাজেট-পরবর্তী পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও প্রস্তাবে এ আহ্বান জানানো হয়। এতে বলা হয়, প্রতিবছর শিক্ষা খাতের বাজেট দেওয়া হয় অন্য খাতের সঙ্গে সংযুক্ত করে। এতে করে শিক্ষা খাতে বাজেটের পরিমাণ অস্পষ্ট রয়ে যায়। এবার দেখা যাচ্ছে রূপপুর পারমাণবিক প্রকল্পকেও শিক্ষা বাজেটের মধ্যে ধরা হয়েছে। সেন্টারের পরিচালক অধ্যাপক এম আবু ইউসুফ বলেন, ব্যাংক সঞ্চয়ী হিসাবে লেনদেন, হিসাব স্থিতি ও স্থায়ী আমানতের ওপর আবগারি শুল্ক হার বৃদ্ধি পেয়েছে, যা ক্ষুদ্র আমানতকারীদের জন্য হতাশার।

সেন্টার ফর বাজেট অ্যান্ড পলিসির চেয়ারম্যান বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য দেন উন্নয়ন অধ্যয়ন বিভাগের অধ্যাপক তৈয়বুর রহমান।